



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।



ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০২

১৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ

তারিখ: -----

২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Guidelines on Electronic Dealing System for  
Interbank Money Market (EDSMoney Guidelines) বাস্তবায়ন।**

শিরোনামোক্ত বিষয়ে ডিএমডি সার্কুলার নং-০২, তারিখ: ১৬ নভেম্বর ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য ব্যবস্থাপনায় আন্তঃব্যাংক মানি মার্কেটের লেনদেন সংক্রান্ত real time web based প্ল্যাটফর্ম “Electronic Dealing System for Interbank Money Market (EDSMoney)” এর বিষয়ে মানি মার্কেটে অংশগ্রহণকারীদের জন্য অনুসৃতব্য নির্দেশনাবলী সম্বলিত “Guidelines on Electronic Dealing System for Interbank Money Market (EDSMoney)” জারিকরতঃ ১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে EDSMoney এর পূর্ণাঙ্গ live operation চালুর নির্দেশনা প্রদান করা হয়। উল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ ২ এ ইমেইল এর মাধ্যমে কলমানি লেনদেনের বিবরণী প্রেরণের চলমান পদ্ধতি EDSMoney চালুর তারিখ হতে ০৩ (তিন) মাস অর্থাৎ ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত অব্যাহত থাকবে মর্মে উল্লেখ করা হয়।

০৩। এক্ষণে, EDSMoney প্ল্যাটফর্মের সার্বিক কার্যক্রম এবং বিদ্যমান প্রেক্ষাপট বিবেচনায় EDSMoney এর পাশাপাশি উল্লিখিত পদ্ধতিতে কলমানি লেনদেনের বিবরণী প্রেরণ ৩১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত চলমান রাখার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। এতদ্ব্যতীত, ডিএমডি সার্কুলার নং-০২, তারিখ: ১৬ নভেম্বর ২০২১ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১